

■ সুনান আবু দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৩৫৯২

১৯/ বিচার ব্যবস্থা (الأقضية)

পরিচ্ছেদঃ ১১. বিচারকার্য পরিচালনায় ইজতিহাদ করা

بَابُ اجْتِهَادِ الرَّأْيِ فِي الْقَضَاءِ

আরবী

حَدَّثَنَا حَفْصُ بْنُ عُمَرَ، عَنْ شُعْبَةَ، عَنْ أَبِي عَوْنَ، عَنِ الْحَارِثِ بْنِ عَمْرِو أَبْنِ أَخِي الْمُغِيرَةِ بْنِ شُعْبَةَ، عَنْ أُنَاسٍ مِنْ أَهْلِ حِمْصٍ، مِنْ أَصْحَابِ مُعاذِ بْنِ جَبَلٍ، أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَمَّا أَرَادَ أَنْ يَبْعَثَ مُعاذًا إِلَى الْيَمَنِ قَالَ: كَيْفَ تَقْضِي إِذَا عَرَضَ لَكَ قَضَاءً؟، قَالَ: أَقْضِي بِكِتَابِ اللَّهِ، قَالَ: فَإِنْ لَمْ تَجِدْ فِي كِتَابِ اللَّهِ؛ قَالَ: فَبِسُنْنَةِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، قَالَ: فَإِنْ لَمْ تَجِدْ فِي سُنْنَةِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، وَلَا فِي كِتَابِ اللَّهِ؛ قَالَ: أَجْتَهُدْ رَأْيِي، وَلَا آلُو فَضْرَبْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَدْرَهُ، وَقَالَ: الْحَمْدُ لِلَّهِ الَّذِي وَفَّقَ رَسُولَ، رَسُولُ اللَّهِ لِمَا يُرْضِي رَسُولَ اللَّهِ

ضعيف، المشكاة (৩৭৩৭)

বাংলা

৩৫৯২। মু'আয় ইবনু জাবাল (রাঃ) কতিপয় সঙ্গীর সূত্রে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন তাকে ইয়ামেনে পাঠানোর ইচ্ছা করলেন তখন বললেনঃ তোমার নিকট যখন কোন মোকদ্দমা আনা হবে, তখন তুমি কিসের ভিত্তিতে এর ফায়সালা করবে? তিনি বললেন, আল্লাহর কিতাব মোতাবেক। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তুমি যদি আল্লাহর কিতাবে এর কোন ফায়সালা না পাও? মু'আয় (রাঃ) বললেন, তাহলে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সুন্নাত অনুযায়ী।

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তুমি যদি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সুন্নাত এবং আল্লাহর কিতাবে এর ফায়সালা না পাও? মু'আয় বললেন, তাহলে আমি ইজতিহাদ করবো এবং অলসতা করবো না। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মু'আয়ের বুকে হাত মেরে বললেনঃ সকল প্রশংসা সেই আল্লাহর

জন্য, যিনি তাঁর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর প্রতিনিধিকে আল্লাহর রাসূলের মনঃপুত কাজ করার তোফিক দিয়েছেন।[1]

দুর্বলঃ মিশকাত (৩৭৩৭)।

English

Some companions of Mu'adh ibn Jabal said:

When the Messenger of Allah (ﷺ) intended to send Mu'adh ibn Jabal to the Yemen, he asked: How will you judge when the occasion of deciding a case arises?

He replied: I shall judge in accordance with Allah's Book. He asked: (What will you do) if you do not find any guidance in Allah's Book? He replied: (I shall act) in accordance with the Sunnah of the Messenger of Allah (ﷺ).

He asked: (What will you do) if you do not find any guidance in the Sunnah of the Messenger of Allah (ﷺ) and in Allah's Book?

He replied: I shall do my best to form an opinion and I shall spare no effort.

The Messenger of Allah (ﷺ) then patted him on the breast and said: Praise be to Allah Who has helped the messenger of the Messenger of Allah to find something which pleases the Messenger of Allah.

ফুটনোট

[1]. তিরমিয়ী, আহমাদ। ইমাম বুখারী ‘আত-তারীকুল কাবীর’ গ্রন্থে হারিস ইবনু ‘আমরের জীবনীতে বলেনঃ হাদীসটি সহীহ নয় এবং তাকে এই মুরসাল বর্ণনা ছাড়া চেনা যায় না। ইমাম তিরমিয়ী বলেনঃ আমাদের নিকট এই সনদটি মুত্তাসিল নয়। হাফিয় ‘আত-তাকরীব’ গ্রন্থে বলেনঃ হারিস ইবনু ‘আমর অঙ্গাত (মাজহুল)। শায়খ আলবানী এর উপর আলোচনা করেছেন যদ্যফাহ হা/ ৮৮১।

হাদিসের মান: যঙ্গফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী □ বর্ণনাকারীঃ মু'আয বিল জাবাল (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=60960>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন